বাংলাদেশ এবং আন্তর্জাতিক ধান গবেষণা ইনষ্টিটিউট (IRRI)

পারস্পরিক সহযোগিতার পাঁচ দশক

২০১৬ সালে বাংলাদেশ ৩৫০ লক্ষ টন চাল (কলে ভাঙ্গা) উৎপন্ন করেছে, ফলে এটি পৃথিবীর চতুর্থ চাল উৎপাদনকারী দেশে পরিণত হয়েছে। বাংলাদেশের জন্য চাল শুধুমাত্র একটি প্রধানতম খাদ্যদ্রব্য নয়, এটি একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক, এবং সাংস্কৃতিক পণ্যও বটে। এটি খাদ্যে প্রাপ্ত মোট ক্যালোরির প্রায় ৭০%, মোট প্রোটিন গ্রহণের ৫৬%, কৃষি থেকে প্রাপ্ত মোট দেশজ উৎপাদনের ৫০%, এবং গ্রামীণ কর্মসংস্থানের ৫০% যোগান দেয়।

১৯৬৫ সাল থেকে আন্তর্জাতিক ধান গবেষণা ইনষ্টিটিউট (ইরি) বাংলাদেশে কাজ করছে। এ অংশদারিত্বমূলক সহযোগিতার প্রথম পদক্ষেপ ছিল ফোর্ড ফাউন্ডেশন কর্মসুচী, যার অংশ হিসেবে ৩০৩ জাতের ধান বাংলাদেশে পরীক্ষা করা হয়। এটি ছিল ইরি'র জন্য আন্তর্জাতিক ভাবে ধান নিয়ে গবেষণার ক্ষেত্রে প্রথম উল্লেখযোগ্য পদক্ষেপ।

বর্তমানে ইরি দেশের ধান উৎপাদনে স্বনির্ভরতা অর্জনে এবং এর আর্থিক মূল্য সংযোজনে স্থায়ীত্বশীল প্রবৃদ্ধি ধরে রাখতে এবং স্বনির্ভরতা অর্জনের লক্ষ্যে যুগান্তকারী ধান বিজ্ঞান, সক্ষমতা বৃদ্ধি এবং নিবিড় সহযোগিতা প্রদান করতে একান্ত ভাবে নিয়োজিত।

irri.org/our-work/locations/bangladesh

আমাদের মৌলিক অবদানসমূহ

ধানের জেনেটিক বৈচিত্র সংরক্ষণঃ বাংলাদেশ থেকে সংগ্রহীত মোট ৭,১৩৩ টি ধানের জার্ম প্লাজম ইরি'র জিনব্যাংকে গচ্ছিত আছে।

উন্নত জাতের ধানঃ বাংলাদেশ ১০৮ রকমের উন্নত জাতের ধান উদ্ভাবন করেছে, যা দেশে মোট উৎপাদিত ধানের প্রায় ৮০ শতাংশ। এ জাত গুলোর মধ্যে প্রায় ৮০ শতাংশের উদ্ভাবনে ইরি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অবদান রেখেছে।

প্রাকৃতিক সম্পদের সংরক্ষণঃ উন্নত প্রযুক্তি এবং এ সংশ্লিষ্ট ব্যবস্থাপনা সম্পদের দক্ষ ব্যবহার অনেক বাড়িয়ে দিয়েছে। উদাহরণ স্বরূপ, বলা যায় পানি সাশ্রয়ী প্রযুক্তির ব্যবহার ধানের ফলনের সাথে আপোস না করেই পানি খরচ ১৫% থেকে ৩০% কমিয়ে দিয়েছে।

উচ্চতর উৎপাদনশীলতাঃ ১৯৭১ সালে ধানের ফলন ছিল প্রতি হেক্টরে ১.৭ টন, তা বেড়ে বর্তমানে হয়েছে প্রতি হেক্টরে ৪.৫ টন।

যন্ত্রনির্ভর কৃষিঃ আধুনিক কৃষি যন্ত্রপাতির ব্যবহার প্রবর্তন করা হয়েছে, পাশাপাশি চলছে কৃষকদের এ বিষয়ে শিক্ষিত করার কাজ।

জলবায়ুর পরিবর্তনশীলতার সাথে টিকে থাকার ক্ষমতা বৃদ্ধিঃ বন্যা, খরা, লবণাক্ততা- সহনশীল জাতের ধান এবং উন্নত পরিবেশ সহায়ক কৃষি উদ্ভাবন জলবায়ু পরিবতনের ফলে সৃষ্ট সমস্যা মোকাবেলা করতে কৃষকদের টিকে থাকার ক্ষমতা বৃদ্ধি করেছে।

উন্নত গ্রামীণ জীবনযাত্রাঃ উদ্ভাবনী ধান বিজ্ঞানের ব্যবহার ধানের ফলন বৃদ্ধি করেছে, উৎপাদন ঝুঁকি লঘু করেছে, বাজার অধিগম্যতা প্রসারিত করেছে, ধান থেকে পাওয়া মুনাফার সম্ভাবনা বৃদ্ধি করেছে এবং গ্রামীণ পরিবারের উপার্জন বৃদ্ধি করেছে।

গবেষণা দক্ষতাঃ ১৯৬৫ সাল থেকে ইরি এ পর্যন্ত বাংলাদেশের ২২৯ জন গবেষক, ফেলো ও ইনটার্ন এবং ৮৯৩ জন চাকরিরত প্রশিক্ষণার্থীকে সহায়তা করেছে।

উন্নয়নের জন্য গবেষণা উদ্যোগসমূহ

বাংলাদেশে ইরি'র উল্লেখযোগ্য কার্যক্রমঃ

১) স্বল্প-জীবনকাল সম্পন্ন, উচ্চ-ফলনশীল, বিভিন্ন রকমের প্রতিকূলতা সহিষ্ণু, উন্নত গুণাগুণ সম্পন্ন দানা এবং অধিক স্বাস্থ্যসম্মত জাতের ধান উদ্ভাবন এবং সম্প্রসারণ।

২) বন্যা, খরা, লবণাক্ততা সমস্যা এবং জলবায়ু পরিবর্তনের সমস্যা মোকাবেলায় সক্ষম এমন প্রযুক্তি উদ্ভাবন এবং সম্প্রসারণ।

৩) ধান-ভিত্তিক ফসল ব্যবস্থাপনায় স্থায়ীত্বশীল নিবিড়তা বৃদ্ধিকরণ।

৪) উৎপাদন সম্পদ সমূহের দক্ষ ব্যবহার।

৫) কৃষিতে তথ্য যোগাযোগ প্রযুক্তির ব্যবহার।

৬) খাদ্য-ভিত্তিক কার্যক্রমের মাধ্যমে পুষ্টি উন্নয়ন, যেমন অধিক স্বাস্থ্যসম্মত ধান এবং ফসল বহুমূখীকরনের উদ্যোগ সমূহ।

৭) সরকারী নীতি, বাজার ব্যবস্থা, প্রযুক্তির ব্যবহার এবং এর ফলাফল, লিঙ্গ-বৈষম্য, যুবাদের অংশ গ্রহন ইত্যাদির উপর আর্থ-সামাজিক গবেষণা।

৮) ধান ভিত্তিক ভ্যালু চেইনের উৎপাদনশীলতা এবং এর প্রবৃদ্ধির প্রকৃতি গবেষণা।

৯) ধান বিজ্ঞান বিষয়ক গবেষণা বিষয়ে সার্বিক সক্ষমতা বৃদ্ধি করা।

বাংলাদেশে আমাদের অংশীদারগণ

MOA,BARC, BRRI, BINA, BARI, BADC, DAE, BMDA, BWDB, PKSF, agricultural universities, private companies, CG centers, Donors, national and international NGOs, CBOs, and farmers.

বাংলাদেশে যেসব প্রতিষ্ঠানের সহায়তায় ইরি কাজ করেঃ

Access Agriculture • Asian Development Bank • Bill & Melinda Gates • International Center for Tropical Agriculture • International Maize and Wheat Improvement Centre • CGIAR System Organization • Chinese Academy of Agricultural Sciences • DKT International • German Federal Ministry for Economic Cooperation and Development • HarvestPlus • Hybrid Rice Development Consortium Members • International Fund for Agricultural Development • International Initiative for Impact Evaluation • International Rice Research Institute Fund Limited • Kansas State University • United Nations Environment Programme • United States Agency for International Development • University of California – Berkeley Virginia Polytechnic Institute and State University

যোগাযোগ

Humnath Bhandari
IRRI Representative to Bangladesh
House-103, Road-1, Block F
Banani, Dhaka-1213
+880 (2) 987-2792 up to 95
h.bhandari@irri.org

IRRI Headquarters (Philippines)
+63 2 580 5600
info@irri.org

IRRI

আন্তর্জাতিক ধান গবেষণা ইনষ্টিটিউট

ধান-ভিত্তিক কৃষি-খাদ্য ব্যবস্থার উপর নির্ভরশীল মানুষের জীবনযাত্রা, এবং পুষ্টি উন্নয়ন, দারিদ্র, ক্ষুধা ও অপুষ্টি নির্মূল করা ইরি'র লক্ষ্য। এই লক্ষ্য অর্জনে, ইরি ধান চাষে নিয়োজিত কৃষক ও ভোক্তাদের স্বাস্থ্য এবং জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট সমস্যা মোকাবেলায় আক্রান্ত বিশ্বের জন্য জাত উদ্ভাবন এবং ধান চাষের টেকসই পরিবেশ রক্ষার জন্য কাজ করে। ইরি নারী ক্ষমতায়ন উন্নয়নে কাজ করে এবং একটি ন্যায়সঙ্গত কৃষি-খাদ্য ব্যবস্থায় যুবকদের জন্য সুযোগ লাভে সহায়তা করে।